তারিখ 22 FEB 2016
পৃষ্ঠা ১ কলাম ৬

সংবাদ

# উচ্চ আদালতের রায় বাংলায় দেয়া কষ্টকর

— প্রধান বিচারপতি

নিজস্ব বার্তা পরিবেশক

বিপুলসংখ্যক বিচারাধীন মামলার বিপরীতে বিচারক সংকট থাকায় উচ্চ আদালতের সব রায় বাংলায় দেয়া 'কষ্টকর' বলে মন্তব্য করেছেন প্রধান বিচারপতি এসকে সিনহা। তাছাড়া অনেক আইন ও দেশি-বিদেশি রেফারেন্স ইংরেজিতে হওয়ায় বাংলায় রায় দেয়া অনেক ক্ষেত্রে জটিল হয়ে ওঠে বলেও জানান তিনি।

গতকাল সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা জানাতে এসে তিনি সাংবাদিকদের কাছে এ মন্তব্য করেন। শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানানোর সময় হাইকোর্ট ও আপিল বিভাগের অর্ধশত বিচারপতি তার সঙ্গে ছিলেন। প্রধান বিচারপতি বলেন, একদিকে উচ্চ আদালতে মামলার সংখ্যা বেশি, অপরদিকে বিচারকের স্বল্পতাও রয়েছে। নিয়মিত বিচারকাজ করতেই উচ্চ : পৃষ্ঠা : ১৫ ক : ৩

## উচ্চ : আদালতের

(১ম পৃষ্ঠার পর)

দেরি হয়, এই দীর্ঘসূত্রতা কাটাতে আমরা চেষ্টা করছি। এর মাঝেই অনেক বিচারক বাংলায় বেশ কিছু রায় দিয়েছেন জানিয়ে বিচারপতি সিনহা বলেন, একজন বিচারককে অনেক সময় দিনে একশ মামলার রায় ও আদেশ দিতে হয়। সবগুলো যদি আমরা বাংলাতে দিতে বলি, তাহলে সেটা কষ্টকর হয়ে যাবে।

তিনি বলেন, উচ্চ আদালতে ইংরেজিতে রায় দেয়াই প্রচলিত। এছাড়া দেশের অনেক আইনও ইংরেজিতে। দেশ ও দেশের বাইরের প্রায় সব রেফারেন্স ইংরেজিতে। এই অবস্থায় বাংলায় রায় দিতে হলে আগে জনবল সঙ্কট কাটাতে হবে। এরপর বিষয়টি চিন্তা করা যাবে।

প্রসঙ্গত, সরকার ও প্রশাসনের সব দাপ্তরিক কাজের পাশাপাশি গাড়ির নম্বরপ্লেট, সাইনবোর্ড, নামফলক ও টেলিভিশনে প্রচারিত সব বিজ্ঞাপন বাংলায় লেখার বিষয়ে হাইকোর্ট থেকে আদেশ এসেছে একাধিকবার। রেডিও-টেলিভিশনের অনুষ্ঠানে বা বিজ্ঞাপনে বাংলা ভাষার বিকৃতি বন্ধে রুলও জারি হয়েছে। তবে সর্বস্তরে বাংলা ভাষা চালু করার উদ্যোগ উচ্চ আদালতেই গতি পায়নি।